অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/27/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ডানকার্কে ওয়েলস এন্টারপ্রাইজেসের 425 মিলিয়ন ডলারের আইসক্রিম উৎপাদন ব্যবস্থা রূপান্তর প্রক্রিয়ার সর্বশেষ মাইলফলক উদযাপন করলেন

অত্যাধুনিক প্ল্যান্টটি তার আকার দ্বিগুণেরও বেশি সম্প্রসারিত করেছে, তার প্রথম ধরনের চকলেট উৎপাদন কেন্দ্র প্রবর্তন করেছে এবং উত্পাদন ক্ষমতা উন্নত করেছে

আইসক্রিম ও ফ্রোজেন নভেলটি পণ্যের ক্রমবর্ধমান সম্ভারকে সহায়তা করার লক্ষ্যে গৃহীত এই প্রকল্পের মাধ্যমে বিদ্যমান কর্মসংস্থান বজায় থাকবে এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কে 270টি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে

নিউ ইয়র্ক স্টেটের বিনিয়োগগুলি উন্নত উৎপাদন খাতকে সম্প্রসারিত এবং শক্তিশালী করে তোলার ক্ষেত্রে গভর্নর হোকল এর প্রতিশ্রুতি বাস্তবায়িত করছে

নতুন উৎপাদন কেন্দ্রটির ফটো দেখুন এখানে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ডানকার্কে ওয়েলস এন্টারপ্রাইসেস' (Wells Enterprises')-এর অত্যাধুনিক উৎপাদন কেন্দ্র সম্প্রসারণের ক্ষেত্রে সর্বশেষ মাইলফলকটি ঘোষণা করেন। 425 মিলিয়ন ডলারের এই প্রকল্পটির জন্য ফিতা কাটার আয়োজন করা হয়েছিল, এই প্রকল্পের অন্তর্ভুক্ত রয়েছে সম্প্রতি সম্পন্ন হওয়া অত্যাধুনিক কর্মচারী কেন্দ্র এবং নতুন উৎপাদন লাইন। এই উৎপাদন কেন্দ্রটি কোম্পানির জনপ্রিয় আইসক্রিম ব্র্যান্ডগুলির উত্পাদন ক্ষমতা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করে, ভবিষ্যতের উদ্ভাবনের জন্য অত্যাধুনিক ক্ষমতার পরিচয় দেয় এবং প্ল্যান্টের মধ্যে আইসক্রিম এবং নভেলটি লাইনসের জন্য উপাদানগুলি তৈরি করার একটি এমন ধরণের চকলেট উত্পাদন কেন্দ্র রয়েছে যা এর আগে কখনো কোথাও ছিল না।

"আমরা শাটকোয়া কাউন্টির উৎপাদন খাতে অভূতপূর্ব গতি সঞ্চার করেছি এবং এই বিশাল সম্প্রসারণের অগ্রগতি ডানকার্ক ও সমগ্র অঞ্চলের জন্য একটি ঐতিহাসিক জয়," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "ওয়েলস এন্টারপ্রাইজেস-এর সাথে অংশীদারিত্বের মাধ্যমে আমরা এই সাইটটিকে একটি অত্যাধুনিক ও বিশ্বমানের উৎপাদন কেন্দ্রে রূপান্তরিত করেছি যা নিউ ইয়র্কের কর্মীদের জন্য ভালো বেতনের শতাধিক কর্মসংস্থান নিশ্চিত করবে, স্থানীয় ব্যবসায়িক অংশীদারিত্বকে শক্তিশালী করবে এবং আমাদের কঠোর পরিশ্রমী দুগ্ধ খামারিদের দীর্ঘমেয়াদী সহায়তা প্রদান করবে।"

এই যুগান্তকারী বিনিয়োগটি এলাকায় 270টি নতুন কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি বিদ্যমান প্রায় 380টি পূর্ণকালীন কর্মসংস্থান বজায় রাখবে, যা শাটকোয়া কাউন্টির ইতিহাসে অন্যতম বৃহত্তম একক বেসরকারি বিনিয়োগ হিসেবে চিহ্নিত হবে। নিউ ইয়র্ক স্টেট এক্সেলসিয়র জবস অ্যান্ড ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (Excelsior Jobs & Investment Program) ট্যাক্স ক্রেডিট এর আওতায় 12 মিলিয়ন ডলার পর্যন্ত এবং স্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর পক্ষ থেকে 6 মিলিয়ন ডলারের অনুদান প্রদানের মাধ্যমে এই প্রকল্পটিতে সহায়তা করেছে। এই প্রকল্পটিকে বাস্তবায়নের পথে এগিয়ে নিয়ে যেতে কাউন্টি অফ শাটাকোয়া ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সি (The County of Chautauqua Industrial Development Agency, CCIDA)-ও অত্যন্ত গুরুত্বপূর্ণ স্থানীয় সহায়তা প্রদান করেছে।

ওয়েলস এন্টারপ্রাইজেস-এর মুখ্য পরিচালন কর্মকর্তা Nicolas Neykov (নিকোলাস নেইকভ) বলেন, "আমাদের কর্মীদের জন্য অত্যাধুনিক নতুন একটি কেন্দ্র চালুর বিষয়টি উদযাপন করতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত, এর মাধ্যমে আমরা তাদের এমন সব সুযোগ-সুবিধা, সরঞ্জাম ও প্রযুক্তি প্রদান করছি যা তাদের প্রাপ্য। এই মাইলফলকটি আমাদের সেই সব দলের সদস্যদের নিয়ে, যারা যুক্তরাষ্ট্রের আইসক্রিম খাতে প্রবৃদ্ধির ক্ষেত্রে শীর্ষস্থানীয় হওয়ার এবং প্রতিদিন আমাদের ভোক্তাদের মাঝে আনন্দ ছড়িয়ে দেওয়ার লক্ষ্য অর্জনে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। আমাদের এই অগ্রগতিতে অটল সমর্থনের জন্য আমরা নিউ ইয়র্ক স্টেট, শাটাকোয়া কাউন্টি এবং ডানকার্কের কমিউনিটির কাছে অত্যন্ত কৃতজ্ঞ।"

810 Main Street-এ অবস্থিত ডানকার্ক উৎপাদন কেন্দ্রটি প্রায় 350,000 বর্গফুট এলাকা জুড়ে বিস্তৃত, যা এর মূল আকারের দ্বিগুণেরও বেশি। প্ল্যান্টটির অত্যাধুনিক উৎপাদন লাইনগুলোকে এমনভাবে তৈরি করা হয়েছে যাতে মোট উৎপাদন ক্ষমতা আগের তুলনায় পাঁচ গুণেরও বেশি বাড়ানো যায়, এর মাধ্যমে অভিনব ও প্যাকেটজাত আইসক্রিম খাতে কোম্পানির দ্রুত সম্প্রসারণের বিষয়টি সহায়তা পাবে। সম্পূর্ণ হওয়া সম্প্রসারণের এই কাজটিতে অন্তর্ভুক্ত রয়েছে উচ্চ-উৎপাদনক্ষমতাসম্পন্ন ম্যানুফ্যাকচারিং লাইন, চকলেট কম্পাউন্ড তৈরির একটি সমন্বিত কারখানা এবং কর্মীদের জন্য সর্বোৎকৃষ্ট কর্মপরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে পরিকল্পিত অত্যাধুনিক বিশ্রাম কক্ষ, অফিস ও অন্যান্য সুযোগ-সুবিধা। দীর্ঘ সময় ধরে চলমান নির্মাণকাজ চলাকালীন, ভোক্তাদের চাহিদা মেটাতে ওয়েলস তাদের বিদ্যমান উৎপাদন কেন্দ্রটিতে আইসক্রিম উৎপাদন কার্যক্রম পুরোদমে অব্যাহত রেখেছিল। অতিরিক্ত উত্পাদন লাইন সম্পূর্ণ করতে এবং প্রক্রিয়াকরণ ক্ষমতা প্রসারিত করার জন্য নির্মাণ এখনও চলছে এবং 2028 সালে সম্পন্ন হবে বলে আশা করা হচ্ছে।

কোম্পানিটির কার্যক্রমের সম্প্রসারণ উত্তর-পূর্বাঞ্চলের দুগ্ধ শিল্পের জন্য অত্যন্ত লাভজনক হবে। সম্প্রসারিত এই উৎপাদন কেন্দ্রটি প্রতি বছর কয়েক মিলিয়ন পাউন্ড দুগ্ধজাত পণ্য ব্যবহার অব্যাহত রেখেছে, এমন একটি পরিমাণ যা দেশের অভ্যন্তরে ক্রমবর্ধমান চাহিদার সাথে তাল মিলিয়ে বৃদ্ধি পাবে বলে ধারণা করা হচ্ছে। শিল্পের পূর্বাভাস অনুযায়ী, যুক্তরাষ্ট্রে আইসক্রিমের বাজারের আকার উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাবে বলে ধারণা করা হচ্ছে, হিমায়িত দুগ্ধজাত ডেজার্টের উচ্চ চাহিদা এবং দেশজুড়ে ফাস্ট-ফুড চেইন ও রেস্তোরাঁর সংখ্যা বৃদ্ধির ফলে 2032 সাল নাগাদ এই বাজারের আনুমানিক পরিমাণ 28.56 বিলিয়ন মার্কিন ডলারে পৌঁছাবে। উপরন্তু, আইসক্রিম উৎপাদনের ক্ষেত্রে নিউ ইয়র্ক দেশের মধ্যে চতুর্থ স্থানে রয়েছে;

এখানে 51টি বেতনভুক্ত কর্মীসহ ব্যবসায়িক কেন্দ্র থাকায় সামগ্রিক আইসক্রিম উৎপাদনের দিক থেকে স্টেটটি দেশের মধ্যে তৃতীয় স্থান অধিকার করেছে।

ওয়েলস এন্টারপ্রাইজেস, ইনকর্পোরেটেড (Wells Enterprises, Inc.) ফেরেরো গ্রুপের (Ferrero Group) একটি অংশ, যারা মিষ্টি ও প্যাকেটজাত খাদ্যের ক্ষেত্রে বিশ্বজুড়ে শীর্ষস্থানীয় এবং এই গ্রুপের জনপ্রিয় ব্র্যান্ডগুলোর মধ্যে রয়েছে Nutella (নুটেলা), Tic Tac (টিক-ট্যাক) এবং Ferrero Rocher (ফেরেরো রশার)।-ে যুক্তরাষ্ট্রের বৃহত্তম ব্যক্তিমালিকানাধীন আইসক্রিম প্রস্তুতকারক প্রতিষ্ঠান ওয়েলস 1913 সালে ফ্রেড এইচ. ওয়েলস (Fred H. Wells) কর্তৃক প্রতিষ্ঠিত হয়েছিল এবং প্রজন্মের পর প্রজন্ম ধরে ওয়েলস পরিবারই এটি পরিচালনা করে আসছে। বর্তমানে ওয়েলস প্রতি বছর 200 মিলিয়ন গ্যালনেরও বেশি আইসক্রিম উৎপাদন করে এবং যুক্তরাষ্ট্রের 50টি স্টেটেই তাদের পণ্য সরবরাহ করার পাশাপাশি সারা দেশে প্রায় 4,000 মানুষের কর্মসংস্থান করেছে। লে মার্স, লোওয়া-তে প্রতিষ্ঠিত এই কোম্পানিটির ডানকার্ক-স্থিত উৎপাদন কেন্দ্রটি তাদের জাতীয় উৎপাদন নেটওয়ার্কে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ কেন্দ্র হিসেবে কাজ করে, এটি তাদের নিজস্ব প্রধান ব্র্যান্ড ব্লু বানি (Blue Bunny)-সহ বিভিন্ন ব্র্যান্ডের পণ্য উৎপাদনে সহায়তা করে, যার মধ্যে রয়েছে নুটেলা আইসক্রিম (Nutella Ice Cream) ও কিন্ডার বুয়েনো ফ্রোজেন (Kinder Bueno Frozen)-এর মতো বিশ্বখ্যাত ফেরেরো ব্র্যান্ডের পণ্যসমূহ।

সম্প্রসারিত আইসক্রিম প্ল্যান্টটি ডানকার্ক টাউনে অবস্থিত অ্যামেরিকোল্ড (Americold)-এর কোল্ড-স্টোরেজ ও বিতরণ কেন্দ্র, যেটি ওই অঞ্চলের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ সরবরাহ-শৃঙ্খল অবকাঠামো হিসেবে কাজ করে, সেটি নির্বিঘ্নে ব্যবহার করা অব্যাহত রাখবে। 60টি পূর্ণকালীন কর্মসংস্থান সৃষ্টির বিনিময়ে এক্সেলসিয়র জবস প্রোগ্রাম-এর আওতায়, আমেরিকোল্ড-এর সংলগ্ন 41 মিলিয়ন ডলারের প্রকল্পটি কর্মদক্ষতা-ভিত্তিক ট্যাক্স ক্রেডিট হিসেবে সর্বোচ্চ 700,000 ডলার সহায়তা পেয়েছিল।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, মুখ্য নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "এই বিশাল উৎপাদন কেন্দ্রটিকে পূর্ণাঙ্গভাবে সম্প্রসারিত ও সচল অবস্থায় দেখাটা অত্যন্ত রোমাঞ্চকর। এটি স্থানীয় কর্মীশক্তি, আমাদের পুরস্কারজয়ী দুগ্ধপণ্য সরবরাহকারী এবং স্টেট ও স্থানীয় পর্যায়ে আমাদের শক্তিশালী অংশীদারিত্বের প্রতি পূর্ণ আস্থার প্রতিফলন। ওয়েলস ডানকার্কে তাদের শক্তিশালী অবস্থান থেকে উদ্ভাবন অব্যাহত রাখবে। গভর্নর Hochul (হোকল) এর দূরদর্শী চিন্তাধারার সুবাদে, আমরা এই শাটাকোয়া কাউন্টিতেই ভবিষ্যতের উৎপাদন খাতের কর্মসংস্থান নিশ্চিত করছি।"

নিউ ইয়র্ক স্টেটের এগ্রিকালচারাল কমিশনার Richard A. Ball (রিচার্ড এ বল) বলেন, "এই ঐতিহাসিক বিনিয়োগটি বিভিন্ন বিষয়ের মধ্যে সর্বোত্তমভাবে সংযোগ স্থাপন করছে। ওয়েলস এন্টারপ্রাইজ তার আকার দ্বিগুণের বেশি করে এবং ক্ষমতা বৃদ্ধির মাধ্যমে নিশ্চিত করছে যে স্থানীয় দুগ্ধখামারিদের সরবরাহ করা দুগ্ধ দিয়ে তৈরি আমাদের স্টেটের ব্যতিক্রমী দুগ্ধজাত পণ্য, দেশব্যাপী ভোক্তাদের কাছে পৌঁছানো অব্যাহত রয়েছে। ওয়েস্টার্ন নিউ ইয়র্কের প্রতি এবং নিউ ইয়র্কের কৃষিখাতকে সহায়তা করার ক্ষেত্রে গভর্নর Hochul (হোকল) ও ওয়েলস এন্টারপ্রাইজেস যে প্রতিশ্রুতি দেখিয়েছেন, তার জন্য আমি তাদের ধন্যবাদ জানাই, কারণ এই

কৃষিখাত আমাদের অর্থনীতির অন্যতম প্রধান চালিকাশক্তি এবং তা আমাদের স্থানীয় কমিউনিটিগুলোকে সচল ও সমৃদ্ধ রাখে।"

ডানকার্কের মেয়র Kate Wdowiasz (কেট ডোভিয়াজ) বলেন, "ডানকার্ক সিটিতে ওয়েলস এন্টারপ্রাইজেস-এর 425 মিলিয়ন ডলারের ঐতিহাসিক বিনিয়োগ সম্পন্ন হওয়াটা উদযাপন করতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত। এই উৎপাদন কেন্দ্রটি আমাদের এলাকায় 270টি নতুন কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে উত্তর শাটাকোয়া কাউন্টির এক উজ্জ্বল অর্থনৈতিক ভবিষ্যৎ নিশ্চিত করছে। একসাথে, আমরা দীর্ঘমেয়াদী সমৃদ্ধির দিকে একটি পথ তৈরি করছি, নিশ্চিত করছি যে ডানকার্ক উন্নত উৎপাদনের কেন্দ্র হিসেবে সমৃদ্ধ হয়ে উঠছে।"

শাটাকোয়া কাউন্টির নির্বাহী Paul M. Wendel Jr. (পল এম. ওয়েন্ডেল জুনিয়র) বলেন, "ওয়েলস এন্টারপ্রাইজেস-এর 425 মিলিয়ন ডলারের বিনিয়োগ ডানকার্ক, শাটাকোয়া কাউন্টি এবং এই কমিউনিটিকে নিজেদের আবাসস্থল মনে করা মানুষদের প্রতি আস্থার এক বিশাল বহিঃপ্রকাশ। এই সম্প্রসারণ কেবল আমাদের অঞ্চলের অন্যতম শীর্ষস্থানীয় উৎপাদন কার্যক্রমকেই শক্তিশালী করে না, বরং স্থানীয় পরিবারগুলোর জন্য 270টি নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির পাশাপাশি এখানে বিদ্যমান শতাধিক কর্মসংস্থান বজায় রাখতেও সহায়তা করে। এই ঐতিহাসিক প্রকল্পটিকে বাস্তবে রূপ দেওয়ার লক্ষ্যে ওয়েলস, ডানকার্ক সিটি, CCIDA এবং নিউ ইয়র্ক স্টেটের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করতে পেরে আমরা গর্বিত। এটি ঠিক এমন এক ধরনের বিনিয়োগ যা আমাদের অর্থনীতিকে শক্তিশালী করে, দুগ্ধ শিল্পকে সহায়তা জোগায় এবং আগামী প্রজন্মের জন্য শাটাকোয়া কাউন্টির ধারাবাহিক প্রবৃদ্ধির পথ সুগম করে।"

CCIDA-র মুখ্য নির্বাহী কর্মকর্তা Mark Geise (মার্ক গেইস) বলেন, "আজকের এই ফিতা কাটার অনুষ্ঠানটি ওয়েলস এন্টারপ্রাইজেস, ডানকার্ক, শাটাকোয়া কাউন্টি এবং সমগ্র অঞ্চলের জন্য একটি অত্যন্ত আনন্দদায়ক ও গুরুত্বপূর্ণ মাইলফলক। এই যুগান্তকারী প্রকল্পটিকে বাস্তবায়নের ক্ষেত্রে CCIDA-এ যে ভূমিকা পালন করেছে এবং এখনও পালন করে যাচ্ছে, তার জন্য আমরা অত্যন্ত গর্বিত। আমাদের কমিউনিটি ও কর্মীশক্তির প্রতি অসামান্য অঙ্গীকারের জন্য আমরা ওয়েলস-এর কাছে কৃতজ্ঞ, তারা এমন শতাধিক কর্মসংস্থান রক্ষা ও সৃষ্টি করেছে যা পরিবারগুলোর জীবিকা নির্বাহে সহায়তা করবে এবং দীর্ঘ সময় ধরে আমাদের অঞ্চলের উপকারে আসবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে
এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট হলো নিউ ইয়র্কের মুখ্য অর্থনৈতিক বিকাশের এজেন্সি, এবং এটি পুরো স্টেটের ব্যবসার উন্নতি, চাকরি তৈরি, এবং বৃহত্তর অর্থনৈতিক সুযোগ বাড়িয়ে দেয়। স্টেটের 10টি অঞ্চলের প্রত্যেকটিতে অফিস নিয়ে ESD রিজিওনাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিল (Regional Economic Development Councils) এর তত্ত্বাবধান করে, ConnectALL অফিসের মাধ্যমে ব্রডব্যান্ড সমতাকে সমর্থন করে এবং অফিস অফ স্ট্র্যাটেজিক ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট (Office of Strategic Workforce Development) এর মাধ্যমে ভবিষ্যতের কর্মীশক্তি গঠন করছে। এজেন্সিটি নিউ ইয়র্ক স্টেটের বিকাশের জন্য উদীয়মান এবং পরবর্তী প্রজন্মের শিল্পখাতের সাথে জড়িত হয় যেমন পরিচ্ছন্ন শক্তি এবং সেমিকন্ডাক্টর প্রস্তুতকরণ, ক্ষুদ্র ব্যবসাসমূহকে বিকশিত ও সফল হতে সাহায্য করার জন্য সহায়তা কেন্দ্রের

একটি নেটওয়ার্ক পরিচালনা করে, এবং আই লাভ নিউ ইয়র্কের (I LOVE NY) মাধ্যমে স্টেটের বিশ্বমানের পর্যটন গন্তব্যসমূহের প্রচার করে। আরো বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহ করে esd.ny.gov ভিজিট করুন এবং ESD-এর সাথে LinkedIn, Facebook এবং X-এ যুক্ত হোন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।